# Times Today BD

মো. কামরুজ্জামান | ক্যাম্পাস | 15 April, 2025

খুলনা প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (কুয়েট) শিক্ষার্থীদের বহিষ্কার আদেশ প্রত্যাহার এবং উপাচার্যের পদত্যাগের দাবির সঙ্গে একাত্মতা পোষণ করেছেন রাজশাহী বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

মঙ্গলবার (১৫ এপ্রিল) বিকেল ৪টায় বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোডে আয়োজিত এক মানববন্ধনে তারা এই দাবির পক্ষে অবস্থান নেন। আন্দোলনকারীরা বলেন, কুয়েট উপাচার্য পদত্যাগ না করলে তারা 'মার্চ' কর্মসূচি ঘোষণা করবেন।

মানববন্ধন চলাকালে শিক্ষার্থীরা 'দফা এক; দাবি এক—কুয়েট ভিসির পদত্যাগ', 'কুয়েটের ভয় নাই; রাজপথ ছাড়িনাই', 'অ্যাকশন অ্যাকশন; ডাইরেক্ট অ্যাকশন', 'দিয়েছি ত রক্ত; আরও দিবো রক্ত' ইত্যাদি স্লোগান দিতে থাকেন।

বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সাবেক কেন্দ্রীয় সমন্বয়ক মেশকাত মিশু বলেন, "বাংলাদেশের শিক্ষার্থীরা নতুন এক স্বপ্নের বাংলাদেশ গড়তে রাজপথে দাঁড়িয়েছিল।সেই বাংলাদেশে যারা প্রশাসনের দায়িত্ব নিয়েছেন, তারাই আজ সাধারণ শিক্ষার্থীদের বিরুদ্ধে ষড়যন্ত্রমূলকভাবে মিথ্যা মামলা করছে।দুই মাস পর এসে বলা হচ্ছে, সাধারণ শিক্ষার্থীরা স্বর্ণের চেইন ডাকাতি করেছে—এটা হাস্যকর ও দুঃখজনক।"

তিনি আরও বলেন, "কুয়েটের ভিসি রাজনৈতিক সমতা বিধানে ব্যর্থ হয়েছেন। একটি বিশ্ববিদ্যালয় পরিচালনার ন্যূনতম যোগ্যতাও তিনি হারিয়েছেন।আমরা বলছি—আপনি নিজে পদত্যাগ করুন, নয়তো রাষ্ট্রপতির নির্বাহী ক্ষমতায় আপনাকে অপসারণ করা হোক।"

মানববন্ধনে বিশ্ববিদ্যালয়ের আইন বিভাগের শিক্ষার্থী আকিল বিন তালেব বলেন, "কুয়েট ক্যাম্পাসে বহিরাগতদের হামলার সময় ভিসি শিক্ষার্থীদের পাশে না দাঁড়িয়ে হল বন্ধ করে তাদের বেকায়দায় ফেলেছেন। এভাবে হল বন্ধের সংস্কৃতি আমরা অতীতে ফ্যাসিস্ট সরকারের আমলে দেখেছি।আমরা চাই না এই বাংলার মাটিতে সেই ইতিহাস আবার ফিরে আসুক।"

এছাড়াও মানববন্ধনে বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও কয়েকজন সাবেক সমন্বয়ক উপস্থিত ছিলেন।

পদত্যাগ কুয়েট উপাচার্য বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলন

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 09:16

URL: https://www.timestodaybd.com/public/campus/775807857